

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি সফর করার ইচ্ছা করলে, তার জন্য কী দু'আ করবে তার বর্ণনা

ذِكْرُ مَا يَدْعُو الْمَرْءُ بِهِ لِأَخِيهِ إِذَا عَزَمَ عَلَى سفرٍ يُرِيدُ الْخُرُوجَ فِيهِ

## আরবী

2681 \_ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ أَخْبَرَنِي أَسُامَةُ بْنُ زَيْدٍ أَنَّ سَعِيدًا الْمَقْبُرِيَّ حَدَّثَهُ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَجُلًا جَاءَهُ وَهُوَ يُرِيدُ سَفَرًا فَسَلَّمَ عَلَيْهِ فَسَلَّمَ عَلَيْهِ فَسَلَّمَ:

(أُوصِيكَ بِتَقْوَى اللَّهِ وَالتَّكْبِيرِ عَلَى كُلِّ شرفٍ حَتَّى إِذَا أَدْبَرَ الرَّجُلُ قَالَ: (اللَّهُمَّ ازْوِ لَهُ الْأَرْضَ وَهَوِّنْ عَلَيْهِ السفر)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2681 | خلاصة حكم المحدث: حسن ـ ((الصحيحة)) (1730).

## বাংলা

২৬৮১. আবূ হ্রাইরা রাদ্বিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি তার কাছে আসে, এমন অবস্থায় যে, সে সফর করতে চাচ্ছে। অতঃপর সে তাকে সালাম করলো। তখন রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি তোমাকে আল্লাহভীতি অবলম্বন ও প্রতিটি উঁচু জায়গায় তাকবীর দেওয়ার উপদেশ দিচ্ছি।" তখন সে ব্যক্তি যখন চলে যায়, তখন রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, اللهُمُّ ازُو لَهُ الْأَرْضَ وَهُوِّنْ عَلَيْهِ "হে আল্লাহ, আপনি তার জন্য জমিনকে সংকুচিত করে দিন এবং সফরকে তার জন্য সহজ করে দিন।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১২/৫১৭; মুসনাদ আহমাদ: ২/৩২৫; তিরমিয়ী: ৩৪৪৫; ইবনু মাজাহ: ২৭৭১; হাকিম: ২/৯৮; সুনান বাইহাকী: ৫/২৫১; বাগাবী: ১৩৪৬।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৭৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন